# উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি (খাদ্য)-এর সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ ইশতিয়াক আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার,ক্ষেতলাল, জয়পুরহাট

সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ

সভার তারিখঃ ১১/০৫/২০২২ খ্রি.

সভার সময়ঃ বেলা ৪.৩০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'কে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ'২০২২ এর আওতায় ধান ও চাল সংগ্রহ বিষয়ে তথ্যাদি উপস্থাপনের জন্য অনুরোধ করলে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ২০১৭ সালের অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালার প্রযোজ্য অংশ পাঠ করেন। অতঃপর সভায় ধান ও চাল সংগ্রহের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | **ধানের লক্ষ্যমাত্রাঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, অত্র ক্ষেতলাল উপজেলায় ১৪৩৬.০০০ মে. টন বোরো ধানের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। ধান সংগ্রহের সময়সীমা ২৮/০৪/২০২২ খ্রি. তারিখ হতে ৩১/০৮/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত। তিনি আরো জানান যে, বোরো ধানের সংগ্রহ মূল্য প্রতি কেজি ২৭/- টাকা নির্ধারণ করা হয়েছে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আরও জানান যে, উপজেলার অনুকূলে বরাদ্দকৃত বোরো/২০২২ মৌসুমের ধান সরাসরি কৃষকের নিকট হতে ক্রয় করার নির্দেশনা রয়েছে। এছাড়াও তিনি সংগ্রহ নীতিমালার ৯ নং অনুচ্ছেদ পড়ে শোনান। | ১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা ২০১৭ আলোকে এবং পরবর্তীতে বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণ পূর্বক বিনির্দেশ মানের ধান সংগ্রহ করতে হবে। | ১। উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ক্ষেতলাল।<br>৩।ভারপ্রাপ্ত কর্মকর্তা, ক্ষেতলাল এলএসডি। |
| ২ | **ধান সংগ্রহঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় হতে ধান উৎপাদনকারী কৃষকের তালিকা পাওয়া গেছে, উক্ত তালিকাভুক্ত কৃষকদের নিকট থেকে উন্মুক্ত লটারির মাধ্যমে তালিকাভুক্ত কৃষকের নিকট হতে ধান ক্রয় করা যেতে পারে। এক্ষেত্রে মোট বরাদ্দের ৫০% প্রান্তিক কৃষক ৩০% মাঝারি কৃষক ও ২০% অবস্থা সম্পন্ন (বড়) কৃষক নির্বাচন করা প্রয়োজন। উপজেলা কৃষি কর্মকর্তা জানান,বর্তমানে ধানের বাজারমূল্য সংগ্রহ মূল্যের চেয়ে বেশী থাকায় কৃষক বাজারে ধান বিক্রয় করতে আগ্রহ প্রকাশ করছে ফলে লটারী না করে তালিকা উন্মুক্ত করে দিয়ে আগে আসলে আগে ভিত্তিতে ক্রয় করলে সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। সভাপতি মহোদয়, উপজেলা কৃষি অফিসারের প্রস্তাব বিবেচনা করে অত্র উপজেলার কৃষকের তালিকা উন্মুক্ত করার বিষয়ে মতামত প্রদান করেন । সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। | ১। সংগ্রহ কার্যক্রম সফল ও কৃষকদের মাঝে উৎসাহ সৃষ্টির লক্ষ্যে জনবহুল এলাকায় ধান সংগ্রহ কার্যক্রমের বিষয়ে ব্যাপক প্রচারের জন্য মাইকিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। তালিকাভুক্ত কৃষকের নিকট থেকে মোট বরাদ্দের ৫০% প্রান্তিক কৃষক ৩০% মাঝারি কৃষক ও ২০% অবস্থা সম্পন্ন (বড়) কৃষকদের নিকট হতে আগে আসলে আগে ভিত্তিতে ধান সংগ্রহ করতে হবে।<br>৩। প্রতিজন কৃষকের নিকট হতে সর্বোচ্চ ৩ (তিন) মে.টন ধান সংগ্রহ করতে হবে। | ১। উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,ক্ষেতলাল।<br>৩।ভারপ্রাপ্ত কর্মকর্তা, ক্ষেতলাল এলএসডি। |
| ৪ | **চাল সংগ্রহের লক্ষ্যমাত্রাঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আরো জানান, অত্র ক্ষেতলাল উপজেলায় ৪০৯১.০০০ মে. টন বোরো সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। চাল সংগ্রহের সময়সীমা ০৭/০৫/২২ খ্রি. তারিখ হতে ৩১/০৮/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত। বোরো সিদ্ধ চালের সংগ্রহ মূল্য প্রতি কেজি ৪০/- টাকা ও আতপ চালের সংগ্রহ মূল্য ৩৯/- টাকা নির্ধারণ করা হয়েছে। মিল মালিকদের চাল সরবরাহের নিমিত্তে চুক্তি সম্পাদনের সময়সীমা ১৬/০৫/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত। অতিশীঘ্রই অভ্যন্তরীণ বোরো সংগ্রহ/ ২০২২ এর আওতায় আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া যাবে। আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেলে উপজেলার বৈধ লাইসেন্সধারী আতপ মিল মালিকের নিকট হতে চাল সংগ্রহ করা হবে। | ১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা ২০১৭ খ্রিস্টাব্দ এর ৯ নং অনুচ্ছেদের আলোকে এবং পরবর্তীতে বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণ পূর্বক বিনির্দেশ মানের চাল সংগ্রহের মাধ্যমে লক্ষমাত্রা অর্জন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ক্ষেতলাল, জয়পুরহাট |

| ক্র. নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৫ | **চাল সংগ্রহঃ** সদস্য সচিব জানান, জেলা খাদ্য নিয়ন্ত্রক,জয়পুরহাট ১১/০৫/২০২২ খ্রি. তারিখে উপজেলার লাইসেন্সধারী মিলের মধ্যে সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা বিভাজন করেছেন এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট হতে ১১/০৫/২০২২খ্রি. তারিখের ১৩৬২ নং স্মারকে বৈধ লাইসেন্সধারী মিল মলিকদের সাথে চুক্তিবদ্ধ হওয়ার জন্য বিজ্ঞপ্তি জারী করেন । উপজেলা চালকল মালিক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক সহ সকল মিল মালিকগণকে চাল সরবরাহের চুক্তি সম্পাদনের জন্য তাদের মিলের অনুকূলে বিভাজনের পরিমান অবহিত করা হয়েছে। আতপ চালের বরাদ্দ পাওয়া গেলে বিভাজন অনুযায়ী বৈধ লাইসেন্সধারী আতপ মিল মালিকের নিকট হতে চাল সংগ্রহ করা হবে। | ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট কর্তৃক চালকল সমূহের বিপরীতে চুক্তি সম্পাদনের পর বরাদ্দ অনুযায়ী বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণ পূর্বক বিনির্দেশ মানের চাল সংগ্রহ করতে হবে। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ক্ষেতলাল।<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা,ক্ষেতলাল এলএসডি। |
| ৭ | **ধান/চালের লক্ষ্যমাত্রা সমন্বয়/অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তিঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, অনেক সময় পরবর্তীতে ধান/ চালের অতিরিক্ত লক্ষ্যমাত্রা পাওয়া যায় এবং সংগ্রহ সফল না হলে ধান/চাল অন্য উপজেলার সহিত সমন্বয়ের প্রয়োজনীতা দেখা দেয়। সেক্ষেত্রে নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। | ১। লক্ষ্যমাত্রা অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেলে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভাপতির সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ক্ষেতলাল। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি, উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/০৫/২২

ইশতিয়াক আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি (খাদ্য)
ক্ষেতলাল, জয়পুরহাট।

স্মারক নংঃ ১৩.০৪.৩৮৬১..০০৫.৪৫.০৭০.২১.

তারিখঃ ১১/০৫/২০২২ ইং।

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য।

১। মাননীয় সংসদ সদস্য, জয়পুরহাট-২ ও উপদেষ্টা, উপজেলা সংগ্রহ কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট।
৪। উপজেলা কৃষি অফিসার ও সদস্য, উপজেলা সংগ্রহ কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
৫। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা ও মনোনীত সদস্য, উপজেলা সংগ্রহ কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও মনোনীত সদস্য, উপজেলা সংগ্রহ কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
৭। সভাপতি/ সম্পাদক, উপজেলা চালকল মালিক সমিতি ও সদস্য, উপজেলা সংগ্রহ কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
৮। মেয়র, ক্ষেতলাল পৌরসভা, ক্ষেতলাল, জয়পুরহাট।
৯। চেয়ারম্যান,তুলশীগঙ্গা/বড়াতারা/মামুদপুর/বড়াইল/আলমপুর ইউনিয়ন পরিষদ।
১০। জনাব আব্দুল মজিদ মোল্লা, মনোনীত কৃষক প্রতিনিধি, উপজেলা সংগ্রহ কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ক্ষেতলাল এল,এস,ডি ক্ষেতলাল, জয়পুরহাট।
১২।সিএ টু ইউএনও(উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অবগতির জন্য)
১৩। দপ্তর নথি / মাষ্টার ফাইল।

১১/০৫/২০২২

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ক্ষেতলাল, জয়পুরহাট